

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 30-11-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভোকাল ফর লোকালের ভাবনা বর্তমানে দেশবাসীর দৈনন্দিন জীবনের অঙ্গ হয়ে উঠেছে।

আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে আজ তিনি বলেন, খাদ্য শস্য উৎপাদনে ভারত ইতিহাস সৃষ্টি করেছে।

বন্দে মাতরামের দেড়শো বছর পূর্তি, অযোধ্যার রামমন্দিরে ধর্মধ্বজার উত্তোলন এবং কুরুক্ষেত্রের জ্যোতিশ্চরে পাঞ্জগন্য স্মারকের উদ্বোধনের কথা আজকের মন কি বাতে স্মরণ করেন তিনি।

নরেন্দ্র মোদী বলেছেন, ক্রীড়া ইতিহাসেও বিভিন্ন মাইল ফলক ছুঁয়েছে ভারত।

২) প্রধানমন্ত্রীর মন কি বাত, তাঁর মধ্যে গর্ব ও আশার সঞ্চার করেছে বলে রাজ্যপাল ডষ্টের সি ভি আনন্দ বোস উল্লেখ করেছেন।

৩) পশ্চিমবঙ্গ সহ ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকায় এসআইআর প্রক্রিয়া সম্পূর্ণ করার সময়সীমা বাড়ানো হয়েছে।

৪) সংসদে শীতকালীন অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। এর প্রাক্কালে আজ সর্বদল বৈঠক অনুষ্ঠিত হয়।

৫) রাজ্যে আগামী বুধবার থেকে তাপমাত্রা কমতে পারে বলে আলিপুর আবহাওয়া দণ্ডের পূর্বাভাস।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভোকাল ফর লোকালের ভাবনা বর্তমানে দেশবাসীর দৈনন্দিন জীবনের অঙ্গ হয়ে উঠেছে। আকাশবাণীতে ১২৮ তম মন কি বাত অনুষ্ঠানে তিনি বলেন, মানুষ যেভাবে উৎসবের মরণুম থেকে শুরু করে বিভিন্ন সময়ে দেশীয় বাজারে তৈরি পণ্য ক্রয় করছেন, তা স্বদেশী ভাবনারই প্রতিফলন। দক্ষিণ আফ্রিকায় জি টোয়েন্টি সম্মেলনে তিনি বিশ্বনেতাদের ভারতের হস্তশিল্পের সামগ্রী উপহার দিয়েছেন বলে শ্রী মোদী জানান। বড়দিন এবং নববর্ষে কেনাকাটার তালিকায় দেশীয় পণ্যকে স্থান দেওয়ার জন্য সকলের প্রতি আবেদন জানান প্রধানমন্ত্রী।

বাইট ভোকাল ফর লোকাল

প্রধানমন্ত্রী বলেন, ৩৫ কোটি ৭০ লক্ষ টন খাদ্য শস্য উৎপাদন করে ভারত ইতিহাস সৃষ্টি করেছে। ১০ বছর আগের তুলনায় খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ ১০ কোটি টন বৃদ্ধি পেয়েছে।

চলতি বছর জাতীয় স্তোত্র বন্দেমাতরমের দেড়শো বছর পূর্তি, সম্প্রতি অযোধ্যার রামমন্দিরে ধর্মধর্বজার উত্তোলন এবং কুরুক্ষেত্রের জ্যোতিশ্঵রে পাঞ্চজন্য স্মারকের উদ্বোধনের কথা আজকের মন কি বাতে স্মরণ করেন নরেন্দ্র মোদী।

ক্রীড়া জগতে ভারতের ক্রমবর্ধমান অগ্রগতির কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, কিছু দিন আগেই কমনওয়েলথ গেমসের আয়োজক হিসাবে ভারতের নাম ঘোষণা করা হয়েছে। এই কৃতিত্ব দেশ এবং নাগরিকদের।

টোকিও-য়ে ডেফলিম্পিকে ভারত ২০ টি পদক জয় করেছে। ভারতীয় মহিলাদের কাবাড়ি বিশ্বকাপ জয়, বিশ্ব বক্সিং কাপের ফাইনালে ভারতীয় খেলায়োড়দের অসাধারণ নৈপুন্য সকলকে মুগ্ধ করেছে। দৃষ্টি প্রতিবন্ধী, ক্রিকেট বিশ্বকাপে মহিলা দলের জয় ভারতের ক্রীড়া ইতিহাসে অন্যতম মাইলফলক। একইসঙ্গে আইসিসি ক্রিকেট বিশ্বকাপের মেয়েদের খেতাব অর্জনের কথাও এদিনের মন কি বাতে তুলে ধরেন প্রধানমন্ত্রী।

বাইট ক্রীড়া

শ্রী মোদী বলেছেন, শীতকালীন পর্যটন বা উইন্টার ট্যুরিজমকে পৃথিবীর বহু দেশ অর্থনীতির গুরুত্বপূর্ণ ভিত্তি হিসাবে গণ্য করছে। ভারতের মত দেশেও পর্যটন শিল্পের বহুমুখী স্বত্ত্বাবনা রয়েছে। এর প্রাকৃতিক সৌন্দর্য, পাহাড়, নদী, সমুদ্র, জঙ্গলের সমাগম দেশ বিদেশের বহু পর্যটককে আকৃষ্ট করছে।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস বলেছেন, প্রধানমন্ত্রী আজকের মন কি বাতে বিভিন্ন ক্ষেত্রে ভারতের উন্নয়নের খতিয়ান তুলে ধরেছেন, যা তাঁর মধ্যে গর্ব এবং নতুন আশার সঞ্চার করেছে। প্রধানমন্ত্রীর উন্নত ভারতের স্বপ্ন পূরণে বাংলা উল্লেখযোগ্য অবদান রাখবে। যুব সমাজ, কৃষক, মহিলা সহ সকল দেশবাসী একজোট হয়ে উন্নয়নের যাত্রার অংশীদার হবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

বাইট

উত্তর ২৪ পরগণার রাজারহাট নিউটাউনে আজ দলীয় কর্মীদের সঙ্গে মন কি বাত শোনেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের হরিপুরে পঞ্চায়েত প্রধান ও অন্যান্য সদস্যদের সঙ্গে মন কি বাত শোনেন।

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

SIR-এর কাজের জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডে নির্বাচন কমিশন নিযুক্ত আধিকারিক সৌম্যজিৎ ঘোষ এবং বিভোর আগারওয়াল আগামীকাল কলকাতায় আসছেন।

এর আগে, নির্বাচন কমিশন এক বিজ্ঞপ্তিতে জানায় প্রধান সচিব পদমর্যাদার আধিকারিক বি সি পাত্র, সচিব পর্যায়ের আধিকারিক সৌম্যজিৎ ঘোষ এবং আন্ডার সেক্রেটারি বিভোর আগারওয়াল, মুখ্য নির্বাচনী আধিকারিকের অধীনে কাজ করবেন।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন এসআইআর-এর অগ্রগতি খতিয়ে দেখতে আজ দক্ষিণ ২৪ পরগণার ফলতায় যান নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুরূত গুপ্ত এবং ১২ জন পর্যবেক্ষক দলের সদস্য সি মুরুগন। বিডিও অফিসে এক বৈঠকে বিএলও-দের সঙ্গে কথা বলেন তিনি। উপস্থিত ছিলেন ডায়মন্ড হারবারের মহকুমাশাসক শুভ্রজিত গুপ্ত, ফলতার বিডিও প্রমুখ। সঠিকভাবে নথি যাচাই ও আপলোড করা হয়েছে কিনা, বৈঠকে তা পর্যালোচনা করা হয়। পরে সাংবাদিকদের সুরূত গুপ্ত জানান, নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে সঠিকভাবে কাজ হচ্ছে কিনা, তা খতিয়ে দেখছেন তাঁরা।

এস আই আর-এর কাজে নবনিযুক্ত রোল অবজারভারদের ভূমিকা নিয়ে প্রশ্ন ওঠায় নির্বাচন কমিশন এব্যাপারে স্পষ্ট ব্যাখ্যা দিয়েছে। কমিশন জানিয়েছে, রোল অবজারভাররা কোনওভাবেই কোনো নির্দেশ দিতে পারবেন না। তাঁদের কাজ কেবলমাত্র সম্পূর্ণ প্রক্রিয়াটি পর্যবেক্ষণ করা।

সাধারণ ভোটাদাতাদের সঙ্গে কথা বলে এনুমারেশন ফর্ম সঠিকভাবে পূরণ হয়েছে কিনা, ডিজিটাইজেশন প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা, কমিশনের জারি করা নির্দেশ সংশ্লিষ্ট বিভাগ মেনে চলেছে কিনা ইত্যাদি বিষয়ে খতিয়ে দেখবে তারা। প্রতিদিনের বিস্তারিত রিপোর্ট রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর ও নির্বাচন কমিশনে পাঠাতে হবে।

ত্রৃণমূল কংগ্রেস অনুপ্রবেশকারীদের জোর করে নাগরিক হিসেবে দেখানোর অপচেষ্টা করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার

এক্স হ্যান্ডেলে এক পোস্টে জানিয়েছেন, ২০২২ সালে বাংলাদেশ থেকে বসিরহাটে এসে শাসকদলের মদতে এক বাংলাদেশী অনুপ্রবেশকারী অন্য একজনের নথি জাল করে তাকে নিজের বাবা হিসেবে দেখিয়েছে। দীর্ঘদিন ধরে এই চক্রান্তের বিরুদ্ধে বিডিও, মহকুমা শাসক এবং পুলিশ প্রশাসনের দ্বারা হয়েও বসিরহাটের ওই স্থানীয় বাসিন্দা কোনো সহায়তা পাননি। রাজ্যের মানুষ নিরাপত্তা নিয়ে উদ্বেগে রয়েছেৰ বলে তিনি জানান।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, সঠিকভাবে এসআইআর হলে এক কোটির বেশি নাম তালিকা থেকে বাদ যাবে। ৪১ লক্ষ নাম ইতোমধ্যেই বাদ গেছে বলে দাবি করেছেন তিনি।

সংসদে শীতকালীন অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। এর আগে আজ নতুন দিল্লীতে সংসদের অ্যানেক্স ভবনে সর্বদলীয় বৈঠক করে সরকার। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-এর সভাপতিত্বে এই বৈঠকে উপস্থিত ছিলেন ৩৬ টি রাজনৈতিক দলের ৫০ জন নেতা। যোগ দেন তৃণমূল কংগ্রেসের ডেকের ওরায়েন, কংগ্রেসের গৌরব গঙ্গে প্রমুখ। বৈঠকের পর সাংবাদিকদের সংসদ বিষয়ক মন্ত্রী কিরণ রিজেজু বলেন, শীতকালীন অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সব রাজনৈতিক দলের নেতাদের সহযোগিতা চাওয়া হচ্ছে। এই অধিবেশন চলবে ১৯ শে ডিসেম্বর পর্যন্ত। ১৯ দিনের অধিবেশনে মোট ১৫ বার সভা বসবে।

রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী দু দিন তাপমাত্রার বিশেষ হেরফের না হলেও বুধবার থেকে তাপমাত্রার পারদ আবার কমবে। আলিপুর আবহাওয়া দণ্ডরের বিজ্ঞানী ডঃ

অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন, উত্তরে বাতাস আবার শক্তিশালী হওয়ার ফলে আগামী বুধবার থেকে সর্বনিম্ন তাপমাত্রা পুনরায় স্বাভাবিকের নিচে থাকবে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিক। সর্বোচ্চ তাপমাত্রা অবশ্য স্বাভাবিকের থেকে দুই ডিগ্রী কম ছিল।
